গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চা বোর্ড
পরিকল্পনা শাখা
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ,
চট্টগ্রাম
www.teaboard.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০০২.২৪.২৬০

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **"উত্তরা গ্রীণ ইন্ডাস্ট্রিজ লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানার কার্যক্রম স্থগিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ চা বোর্ডের ০২.০৬.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০০২.২৪.২৫৩ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,উত্তরা গ্রীন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামীয় বটলিফ চা কারখানাটিকে গত ১৫.০১.২০১৯ খ্রি. তারিখের ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০৪.১৯.৪৯ নং স্মারকে বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বটলিফ চা কারখানা স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছিল। যার বার্ষিক উৎপাদন ক্ষমতা ২০.০০ লক্ষ কেজি। মালিক পক্ষের বক্তব্য অনুযায়ী উক্ত কারখানাটিতে ০৫ জন পরিচালক ও ০১ জন শেয়ারহোল্ডার রয়েছেন। তবে কারখানাটিতে মালিকানা সংক্রান্ত বিবাদ ও মামলা চলমান। বিগত ০৩.১১.২০২৫ খ্রি.তারিখের ২৬.০৯.০০০০.১০৪.৩৩.০০০২.২৪.৪০৭ নং স্মারকের মাধ্যমে কারখানাটির বিভিন্ন অনিয়ম যথা-কারখানাটি নিবন্ধনবিহীনভাবে কার্যক্রম চালানো, অবৈধভাবে চা বাজারজাতকরণ, সরকারি রাজস্ব ফাঁকি, প্রতি কেজি চা উৎপাদনে অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার, মালিকানা সংক্রান্ত জটিলতা, চা বোর্ডে অসম্পূর্ণ তথ্য প্রেরণ ইত্যাদি কারণে চা কারখানাটির কার্যক্রম স্থগিত করা হয়।

০২। বিগত ২৪.০৫.২০২৬ খ্রি. তারিখে জনাব মো: বোরহান উদ্দিন, চীফ এক্সিকিউটিভ অফিসার, উত্তরা গ্রীন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড জানান যে, ২০২৬ সালে অনুষ্ঠিত পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে কারখানায় নিয়োজিত শ্রমিকদের বেতন-বোনাস না দিতে পারলে শ্রমিকরা মানবেতর জীবন যাপন করবে এবং ব্যক্তিগতভাবে কান্নাকাটি করে চা বোর্ডে আবেদন জানান। তৎপ্রেক্ষিতে, কারখানাটিতে নিয়োজিত শ্রমিকদের মানবিক দিক বিবেচনা করে আবেদনকারী হতে শর্ত সাপেক্ষে নিয়ম অনুসরণ করে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামার মাধ্যমে কারখানাটি গত ২৪.০৫.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩. ০০০২.২৪.২৫২ নং স্মারকে সাময়িকভাবে চালুকরণের অনুমতি প্রদান করা হয়।

০৩। পরবর্তীতে প্রতীয়মান হয় যে, কারখানাটি সাময়িকভাবে চালু করার বিষয়ে মালিক পক্ষের মধ্যে একাধিক জটিলতা রয়েছে। উক্ত জের ধরে ২৪.০৫.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখের একটি পত্রে পরিচালক জনাব মো: আব্দুর রাজ্জাক ও জনাব তারিকুল ইসলাম এবং শেয়ার হোল্ডার জনাব কাজী মোহাইমিনুল হক এর একটি পত্র ০১.০৬.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ চা বোর্ডে গৃহীত হয়। যেখানে আবেদনকারীগণ কর্তৃক "উত্তরা গ্রীন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড" নামীয় বটলিফ চা কারখানাটি সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত মালিকানা সংক্রান্ত জটিলতা নিরসন এবং মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কারখানাটি বন্ধ রাখার জন্য অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে গত ০৩.০৬.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়ে আয়োজিত শুনানিতে সকল পরিচালক ও শেয়ার হোল্ডারকে উপস্থিত থাকার জন্য পত্র প্রেরণ করা হয়। উক্ত শুনানিতে শুধু মাত্র শেয়ার হোল্ডার কাজী মোহাইমিনুল হক উপস্থিত হয়েছেন এবং কারখানাটির মালিক পক্ষের বিবাদ নিরসনপূর্বক প্রতিষ্ঠানটি চালু করা হলে সরকার, বাংলাদেশ চা বোর্ড এবং মালিকপক্ষগণ সকলে উপকৃত হবে মর্মে মতামত প্রদান করেন।

০৪। উপরোক্ত বর্ণনামতে যেহেতু "উত্তরা গ্রীন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড" নামীয় বটলিফ কারখানাটির মালিকানা সংক্রান্ত জটিলতা ও মামলা চলমান এবং ঋণ সংক্রান্ত দায় ও আর্থিক বিষয় নিয়ে জটিলতা দৃশ্যমান; সেহেতু মালিকানা সংক্রান্ত সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত কারখানাটি বন্ধ রাখা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়।

<u>সিদ্ধান্ত:</u>

(ক) কারখানাটি নিবন্ধনকরণে সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি যথাযথভাবে প্রাপ্তি সাপেক্ষে এবং সকল মালিক পক্ষের সম্মতিক্রমে পরবর্তীতে কারখানাটি চালুকরণের অনুমতি প্রদানে বিবেচনা করা হবে।

(খ) "উত্তরা গ্রীন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড" নামীয় বটলিফ কারখানাটি আগামী ০৫.০৬.২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সকল কার্যক্রম বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪-০৬-২০২৬
সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত )
ফোন : +৮৮০২৩৩৩৩৭৫০৬৩
ইমেইল : btbplanning@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
২। জনাব মোঃ শাইয়ান সাদিক, পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৩। জনাব আইরিন পারভীন, পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৪। জনাব মোঃ শাহ আলম পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৫। জনাব মোঃ আবদুর রাজ্জাক, পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৬। জনাব মোঃ তারিকুল ইসলাম, পরিচালক, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, জেলা: পঞ্চগড়।
৭। জনাব কাজী মোহাইমিনুল হক, শেয়ার হোল্ডার, উত্তরা গ্রিন টি ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কেঁচড়াপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

স্মারক নম্বর: ২৬.০৯.০০০০.০০০.১০৪.৩৩.০০০২.২৪.২৬০/১ (১১)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।
২। পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।
৩। উপ-পরিচালক (বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
৪। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, পঞ্চগড়।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কামারা, পঞ্চগড়। (বিষয়টি কারখানা কর্তৃপক্ষকে অবহিতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। সহকারী কমিশনার, বিভাগীয় কর্মকর্তার কার্যালয়, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, পঞ্চগড়।
৭। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। (বিষয়টি বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। পিএ টু সদস্য (অর্থ ও বাণিজ্য), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১০। পিএ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১। পিএ টু সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪-০৬-২০২৬
সুমন সিকদার
উপ পরিচালক (পরিকল্পনা) (ভারপ্রাপ্ত)